ইত্তেফাক

তারিখ ... 17/8/78... ...
পৃষ্ঠা... ..1... ...কলাম...1... ...

066

# সামাজিক ও অর্থনৈতিক উন্নয়নের সহায়ক শিক্ষানীতি চাই —প্রেসিডেন্ট

(ইত্তেফাক রিপোর্ট)

প্রেসিডেন্ট জিয়াউর রহমান বলেন, বর্তমান শিক্ষা ব্যবস্থা দেশের অর্থনৈতিক ও সামাজিক উন্নয়নের চাহিদা সম্পূর্ণভাবে মিটাইতে অক্ষম। তাই শিক্ষা ব্যবস্থার বর্তমান অবক্ষয় এবং অর্থ, সময় শ্রমের অপচয় অবশ্যই রোধ করিতে হইবে।

তিনি আশা প্রকাশ করেন যে, দেশের বিশিষ্ট শিক্ষাবিদ ও শিক্ষানুরাগী ব্যক্তিগণ একটি সর্বসম্মত এবং দেশোপযোগী শিক্ষা নীতি প্রণয়ন করিবেন এবং জাতীয় কল্যাণের ক্ষেত্রে উল্লেখযোগ্য অবদান রাখিবেন। তিনি আরোও আশা প্রকাশ করেন যে, শিক্ষা বিষয়ে নূতন চিন্তা-ভাবনা কেবলমাত্র একটি গণ্ডির ভেতর সীমাবদ্ধ না রাখিয়া সারাদেশে জনগণের মধ্যে ছড়াইয়া দিতে হইবে এবং সকলের সমবেত চিন্তার ফসল হিসাবেই গড়িয়া উঠিবে নূতন শিক্ষানীতি।

তিনি গতকাল (বুধবার) আণবিক শক্তি কমিশন মিলনায়তনে জাতীয় শিক্ষা উপদেষ্টা পরিষদের অধিবেশনের উদ্বোধন করিতেছিলেন। শিক্ষামন্ত্রী কাজী জাফর আহমদ এবং পরিষদের সদস্য সচিব জনাব মঞ্জুরে মাওলাও বক্তৃতা করেন। অনুষ্ঠানে মন্ত্রিসভার কয়েকজন সদস্যও উপস্থিত ছিলেন।

প্রেসিডেন্ট বলেন, আমাদের সার্বিক লক্ষ্য উন্নয়ন। তাই শিক্ষা ব্যবস্থাকে উন্নয়নের সহিত সম্পৃক্ত হইতে হইবে, উন্নয়নের গতিধারাকে ত্বরান্বিত করিতে হইবে এবং উন্নয়নের উপযোগী মূল্যবোধ সৃষ্টিতে সহায়ক হইতে হইবে।

তিনি বলেন, কোন জাতির আশা-আকাঙ্ক্ষা বাস্তবায়ন ও বাঞ্ছিত সমাজ গঠনের প্রধান হাতিয়ার হইতেছে উহার শিক্ষা ব্যবস্থা। উপযুক্ত শিক্ষা নীতি প্রণয়ন এবং সে অনুযায়ী শিক্ষা সংস্কারের উদ্যোগ তখনই সফল প্রমাণিত হইবে যখন উহা আমাদের অর্থনৈতিক উন্নয়নে কার্যকরী ভূমিকা পালন করিবে,

(৭ম পৃঃ দ্রঃ)